

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অতিরিক্ত জেলা জজ, ১ম আদালত-এর কার্যালয়

নোয়াখালী

## নিয়োগ বিজ্ঞপ্তি

জেলা জজ আদালত, নোয়াখালীতে নিম্নলিখিত শূন্য পদে সরাসরি নিয়োগের জন্য নিম্নেবর্ণিত শর্তে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

পদের নাম ও বেতন স্কেল	সংখ্যা	শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা
১। অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক	০৮ (আট)	স্বীকৃত শিক্ষাবোর্ড হতে এইচএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। বাংলা ও ইংরেজি টাইপে যথাক্রমে প্রতি মিনিটে ২০ ও ৩০ শব্দ।
২। জারিকারক	০১ (এক)	স্বীকৃত শিক্ষাবোর্ড হতে এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
৩। অফিস সহায়ক	০১ (এক)	৮ম শ্রেণী বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।

- ১। প্রার্থীকে জনপ্রশাসন মন্ত্রণালয় হতে প্রকাশিত নির্ধারিত ফরম ([www.mopa.gov.bd](http://www.mopa.gov.bd)) স্বহস্তে পূরণ করে স্বাক্ষর প্রদানসহ আগামী ২৩/৬/২০১৯ খ্রি. তারিখের মধ্যে অফিস সময়ে সভাপতি, নিয়োগ ও বাছাই কমিটি ও অতিরিক্ত জেলা জজ, ১ম আদালত, নোয়াখালী-৩৮০০, বরাবরে আবেদনপত্র পৌঁছাতে হবে। নির্ধারিত তারিখের পরে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।
- ২। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও বাংলাদেশ সুপ্রিমকোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা এর সার্কুলার নং ০৮/২০১৫এ, তারিখ : ০৭/০৬/২০১৫খ্রি. ও তৎকালীন সংস্থাপন ডিভিশনের স্মারক নং Estt./RI/R-73/72-109(500), তারিখ : ৫/৯/১৯৭২(অনুচ্ছেদ-৫) খ্রি.অনুসারে নোয়াখালী জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। উক্ত সার্কুলার ও স্মারকে বর্ণিত বিধানের সাথে সাংঘর্ষিক হওয়ায় বিগত ১৯/১১/২০১৭ খ্রি. তারিখে দৈনিক সমকাল ও দৈনিক আমাদের সময় পত্রিকায় প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করা হল।
- ৩। ২৩/০৬/২০১৯ খ্রি. তারিখে প্রার্থীর বয়স ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়স সীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
- ৪। প্রার্থীকে কম্পিউটার চালনায় দক্ষতা থাকতে হবে।
- ৫। চাকুরীরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করতে হবে।
- ৬। দরখাস্তের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে-
  - (ক) ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ০৩(তিন) কপি ছবি।
  - (খ) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার মূল সনদপত্র সমূহের সত্যায়িত কপি।
  - (গ) জাতীয় পরিচয়পত্রের মূল কপির সত্যায়িত কপি। যাদের জাতীয় পরিচয়পত্র এখনও হয়নি তাদেরকে জন্মনিবন্ধন সনদপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।
  - (ঘ) পৌরসভার মেয়র/ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।
  - (ঙ) মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে মুক্তিযোদ্ধা সংক্রান্ত সনদ এর সত্যায়িত কপি।
  - (চ) প্রার্থীর পত্র প্রাপ্তির ঠিকানা লিখিত ১০/- টাকার ডাক টিকেট যুক্ত (৯.৫'-৪.৫') একটি ফেরত খাম। খামের উপরে পদের নাম, কোটার নাম (মুক্তিযোদ্ধার ক্ষেত্রে) উল্লেখ করতে হবে।